# প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড

## ১১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

বিষয় ঃ প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড'র জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ মোতাবেক নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২১) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আক্তার হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক |
| তারিখ | : | ২৮-০৯-২০২১ |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভা কক্ষ, প্রধান কার্যালয়, পিআইএল। |

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড এর বিদ্যমান নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২১) এর সভা অদ্য ২৮-০৯-২০২১ তারিখ সকাল ১১:৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির আহবায়ক ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় জনাব মোঃ আক্তার হোসেন এর সভাপতিত্বে পিআইএল'র বোর্ড রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নৈতিকতা কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন :

১। জনাব হুমায়ুন কবির, উপ-মহাব্যবস্থাপক ও বিপণন বিভাগীয় প্রধান
২। জনাব মোঃ রেজাউল করিম, অতিঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও হিসাব বিভাগীয় প্রধান
৩। জনাব মোঃ নুর হোসেন, সিস্টেম এনালিষ্ট, আই.টি সেল, পিআইএল
৪। জনাব মোহাম্মদ আবদুল খালেক, ব্যবস্থাপক (প্রশাসন) ও প্রশাসন বিভাগীয় প্রধান
৫। জনাব মোঃ ছিদ্দিকুর রহমান দেওয়ান, উর্ধ্বতন শাখা কর্মকর্তা ও ক্রয় বিভাগীয় প্রধান
৬। জনাব পুষ্পেশ্বর সিংহ রায়, প্রকৌশলী (যান্ত্রিক) ও উৎপাদন বিভাগীয় প্রধান

২.০ সভার শুরুতে কমিটির আহবায়ক সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সোনার বাংলা গড়ার প্রত্যয়ে 'জাতীয় শুদ্ধাচার কৌশল' সরকারের একটি যুগোপযোগী পদক্ষেপ। দাপ্তরিক সকল কাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী ও প্রয়োজনীয়। সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অপরিহার্য। প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার পুরস্কার সকল কর্মচারীর কর্মকান্ডকে উৎসাহিত করে। কমিটির আহবায়ক নৈতিকতা কমিটির ১ম কোয়াটার (জুলাই-সেপ্টেম্বর'২১) এর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ব্যবস্থাপক (প্রশাসন) ও প্রশাসন বিভাগীয় প্রধান, পিআইএল-কে নির্দেশনা প্রদান করেন।

৩.০ কমিটির সদস্য-সচিব বলেন, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে স্বস্ব কর্ম সম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। অত:পর তিনি পিআইএল কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর নির্ধারিত বিষয়ে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি সম্পর্কে বিভাগ/শাখাওয়ারী উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন। সভায় উপস্থিত বিভাগীয় প্রধানগণ তাদের স্ব স্ব বিভাগের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন।

৪.০ সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ধার্যকৃত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন এবং যথাসময়ে সভা হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৫.০ সিদ্ধান্তসমূহ :

ক) মাসিক সমন্বয় সভার ন্যায় নৈতিকতা কমিটির সভায় বাস্তবায়ন অগ্রগতির তথ্য সম্বলিত প্রতিবেদন উপস্থাপন করতে হবে।

চলমান পাতা-২

খ) পিআইএল কর্তৃক আয়োজিত সভাগুলোতে যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

গ) জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের নীতিমালা অনুযায়ী পিআইএল'র কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের চলতি অর্থ বছরে (২০২১-২০২২) শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) কর্মকর্তা/কর্মচারী/শ্রমিকদের যথাসময়ে অফিসে উপস্থিত ও কর্মস্থল ত্যাগের বিষয়টি নিশ্চিত করতে ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করতে হবে।

ঙ) উত্তম চর্চার তালিকা প্রণয়ন করতে হবে।

চ) দাপ্তরিক কাজে ই-নথির যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।

৬.০ সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পুষ্পেশ্বর সিংহ রায়)
প্রকৌশলী (যান্ত্রিক) ও
উৎপাদন বিভাগীয় প্রধান, পিআইএল
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(মোঃ ছিদ্দিকুর রহমান দেওয়ান)
উর্ধ্বতন শাখা কর্মকর্তা ও
ক্রয় বিভাগীয় প্রধান, পিআইএল
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(মোহাম্মদ আবদুল খালেক)
ব্যবস্থাপক (প্রশাসন) ও
প্রশাসন বিভাগীয় প্রধান, পিআইএল
ও সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।

(মোঃ নুর হোসেন)
সিস্টেম এনালিষ্ট
আই.টি সেল, পিআইএল
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(মোঃ রেজাউল করিম)
অতিঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা ও
হিসাব বিভাগীয় প্রধান, পিআইএল
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(হুমায়ুন কবির)
উপ-মহাব্যবস্থাপক ও
বিপণন বিভাগীয় প্রধান, পিআইএল
ও সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

(মোঃ আক্তার হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক, পিআইএল
ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।